## প্রিয় সাথি বন্ধুগণ :

ঝিনাইদহ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি'র বার্ষিক সাধারণ সভা শুধু বিধিবদ্ধ বিধান বা নিয়মতান্ত্রিক কোন আয়োজনই নয় বরং এ সাধারণ সভার মধ্য দিয়ে চেম্বারের বিগত এক বছরে সম্পাদিত বিভিন্ন কর্মকান্ডের বিবরণ ও প্রতিচ্ছবি তুলে ধরা হয় এবং আগামী বছরের কর্মপরিকল্পনা গ্রহণ এবং তা বাস্তবায়নে সবার সহযোগিতা ও পরামর্শ গ্রহণের প্রয়াস থাকে। উপরন্ত সবার জ্ঞাতার্থে বিগত বছরের আয়-ব্যয়ের একটি চিত্র তুলে ধরা হয়। আজকের এ সাধারণ সভায় আপনাদের স্বতঃস্ফূর্ত উপস্থিতি, গঠনমূলক আলোচনা-পর্যালোচনা ও আগামী দিনের জন্য দিক-নির্দেশনা সভাটিকে প্রাণবন্ত ও স্বার্থক করবে বলে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি। আপনাদের পরামর্শ, দিক-নির্দেশনা, সহযোগিতা আমাদের আগামী দিনের পথ চলাকে আরো বেগবান ও মসৃণ করবে ইনশাল্লাহ।

## প্রিয় উপস্থিতি :

ব্যবসায়ীরাই জাতীর অর্থনীতির মেরুদন্ড। দেশের অর্থনীতির চাকা সচল রাখতে ব্যবসায়ীদের ভূমিকাই মূখ্য। ব্যবসায়ীক কর্মকান্ড পরিচালনা করে মুনাফা করার পাশাপাশি ব্যবসায়ীদের যে সেবামূলক কর্মকান্ড সম্পাদন করেন সে লক্ষ্যে দ্রব্যমূল্য স্থিতিশীল পর্যায়ে রাখার জন্য এবং ভোক্তা সাধারণের ক্রয় ক্ষমতার মধ্যে রাখতে ঝিনাইদহ চেম্বার জেলার সবশ্রেণি ব্যবসায়ীদের দিক নির্দেশনা ও পরামর্শ দিয়ে আসছে ও তাদের মূল্যবান মতামত ও পরামর্শ সাদরে গ্রহণ করছে। আপনারা জানেন ঝিনাইদহ চেম্বার অব কমার্স বাণিজ্য মন্ত্রনালয় কর্তৃক অনুমোদিত একটি সেবামূলক বাণিজ্যিক সংস্থা। আমাদের এ চেম্বার অব কমার্স দীর্ঘদিন এতদঞ্চলের সর্বস্তরের ব্যবসায়ীদের মূখপাত্র হিসাবে কাজ করে আসছে। দেশের অর্থনৈতিক পটভূমিকায় আমাদের এ সংগঠন গুরুত্ব ও ঐতিহ্য বহন করে আসছে।

## সহযাত্রী ভায়েরা :

গণতান্ত্রিক ভাবধারা বিকাশের ক্ষেত্রে আমার চেম্বারের কর্মকান্ড পরিচালনা করার লক্ষ্যে পরিচালনা বোর্ডের সদস্যবৃন্দের সর্বক্ষেত্রে অংশীদারিত্ব নিশ্চিত করেছি। সে কারণে পরিচালনা বোর্ডের সিদ্ধান্ত মোতাবেক বিভিন্ন সংস্থায় প্রতিনিধিত্ব করার জন্য পরিচালনা বোর্ডের সদস্যদের মনোনয়ন দিয়েছি। মনোনিত পরিচালকবৃন্দ নির্ধারিত সভায় যোগদান করে মূল্যবান পরামর্শ ও ব্যবসায়িদের স্বার্থ সংরক্ষণে বিশেষ ভূমিকা রেখে চলেছেন।

### বিভিন্ন কমিটিতে মনোনয়ন দেওয়া পরিচালকবৃন্দের নামের তালিকা :

| ক্রমিক নং | কমিটির নাম | প্রতিনিধিত্বকারীর নাম |
|---|---|---|
| ০১ | জেলা আইন শৃঙ্খলা কমিটি | জনাব মোঃ মোয়াজ্জেম হোসেন, সভাপতি। |
| ০২ | জেলা পরিবার পরিকল্পনা কমিটি | জনাব হোসেন মোঃ আবু সাঈদ, পরিচালক। |
| ০৩ | জেলা সার মনিটরিং কমিটি | জনাব মোঃ মোয়াজ্জেম হোসেন, সভাপতি ও জনাব মোরাদিম মোস্তাকিম মনির, পরিচালক। |
| ০৪ | জেলা স্বাস্থ্য সেবা কমিটি | জনাব মোঃ আক্তারুজ্জামান, পরিচালক। |
| ০৫ | জেলা বিদ্যুৎ সেবা কমিটি | জনাব মো: আব্দুল মতিন মুক্ত, পরিচালক |
| ০৬ | জেলা কাষ্টম এক্সাইজ ও ভ্যাট কমিটি | জনাব মোঃ মোয়াজ্জেম হোসেন, সভাপতি, জনাব এম এ সামাদ, পরিচালক,<br>জনাব মোরাদিম মোস্তাকিম মনির, পরিচালক ও জনাব শামীম হোসেন মোল্লা, পরিচালক। |
| ০৭ | জেলা বিসিক কমিটি | জনাব মোঃ নাজিম উদ্দিন জুলিয়াস, পরিচালক ও জনাব মোঃ রোকোনুজ্জামান,পরিচালক। |
| ০৮ | জেলা বিভিন্ন ব্যাংক কমিটি | জনাব মোঃ সামছুল আলম, পরিচালক |
| ০৯ | জেলা উন্নয়ন সমন্বয় কমিটি | জনাব মোঃ মোয়াজ্জেম হোসেন, সভাপতি ও জনাব মোঃ আলাউদ্দিন, পরিচালক। |
| ১০ | জেলা শিক্ষা কমিটি | জনাব মোঃ আব্দুল মজিদ বিশ্বাস, পরিচালক। |
| ১১ | জেলা ক্রিড়া সংস্থা কমিটি | জনাব মোঃ তোফাজ্জেল হোসেন |
| ১২ | জেলা নারী উদ্দ্যোক্তা কমিটি | জনাব মোঃ মানিক মিয়া, পরিচালক ও জনাব মোঃ নাজিম উদ্দিন জুলিয়াস, পরিচালক। |
| ১৩ | জেলা মাদক ও চোরা চালান কমিটি | জনাব মোঃ মাজহারুল আনোয়ার, পরিচালক। |
| ১৪ | জেলা ইসলামি ফাউন্ডেশন কমিটি | জনাব মোঃ বকুল বাশার, সহসভাপতি ও জনাব মোঃ আব্দুল হান্নান বাবু, পরিচালক। |
| ১৫ | চেম্বারের আপ্যায়ন কমিটি | জনাব হোসেন মোঃ আবু সাঈদ, পরিচালক. এ এস এম এনায়েতুল্লাহ নয়ন, পরিচালক। |
| ১৬ | চেম্বারের আইন কমিটি | জনাব মোঃ মাজহারুল আনোয়ার, পরিচালক। |